



ট্রাইব্যুনালের নিরাপত্তায় সেনা মোতায়ন চেয়ে চিঠি পাঠাল সুপ্রিম কোর্ট



সংগৃহীত ছবি

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মামলার রায় ঘোষণার দিনকে সামনে রেখে ট্রাইব্যুনালে নিরাপত্তা জোরদারের জন্য সুপ্রিম কোর্ট সেনাসদরে চিঠি পাঠিয়েছে।

বুধবার (১২ নভেম্বর) সুপ্রিম কোর্টের জনসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, ট্রাইব্যুনালে সেনা মোতায়নের জন্য সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল অফিস থেকে সেনাসদরে আনুষ্ঠানিক চিঠি পাঠানো হয়েছে।

অন্যদিকে, বৃহস্পতিবার (১৩ নভেম্বর) ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ তিনজনের মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা করা হবে। এ রায়কে কেন্দ্র করে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের 'লকডাউন কর্মসূচি'কে ঘিরে রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। বিশেষ করে ডিএমপি'র ৫০টি থানায় অতিরিক্ত পুলিশ মোতায়ন করা হয়েছে।

সাধারণ নিরাপত্তা নিশ্চিত করতে বিপুলসংখ্যক পুলিশ ও র‌‌‌য়াব সদস্যের সঙ্গে বুধবার ভোর থেকে হাইকোর্ট এলাকা, বাংলা একাডেমি, হোটেল ইন্টারকন্টিনেন্টাল মোড়সহ রাজধানীর প্রধান সড়ক ও গুরুত্বপূর্ণ স্থাপনায় বিজিবি সদস্যদের অবস্থান লক্ষ্য করা গেছে।